



ড.ওয়াজেদ মিয়ার মৃত্যুতে আমরা শোকাভিভূত

বাংলাদেশের বিশিষ্ট বিজ্ঞানী ড.এম এ ওয়াজেদ মিয়ার মৃত্যুতে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া গভীরভাবে মর্মান্বিত। ব্যক্তিগত জীবনে সৎ এবং কর্মজীবনে একজন প্রতিভাবান বিজ্ঞানী হিসেবে বহুল পরিচিত ছিলেন তিনি। ড.ওয়াজেদের মৃত্যুতে মাননীয় প্রধানমন্ত্রী ও জননেত্রী শেখ হাসিনা সহ তাঁর পরিবারের সকল সদস্যদের প্রতি রইলো আমাদের গভীর সমবেদনা। তাঁর বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করছি।

প্রফেসর শামস্ রহমান
আহবায়ক
বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া।

আনিসুর রহমান রিতু
সদস্য সচিব
বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া।